

Telephonic Conversation between PM and Amir of the State of Qatar

March 26, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং কাতার রাষ্ট্রের আমীরের মধ্যে টেলিফোনে বাক্যালাপ

মার্চ 26, 2020

আজ মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং কাতার রাষ্ট্রের আমীর মহামান্য শেখ তামিম বিন হামাদ অল থানির মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

দুই নেতা চলতে থাকা বিশ্বব্যাপী অতিমারি কোভিড-19 সম্পর্কে এবং তার সামাজিক ও অর্থনৈতিক প্রভাব সম্পর্কে আলোচনা করেছেন। ভাইরাসের সংক্রমণ প্রতিরোধ করতে দুই দেশের নেওয়া পদক্ষেপের তথ্যগুলি তারা বিনিময় করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী মহামান্য আমীরকে সার্কভুক্ত দেশগুলির মধ্যে নেওয়া সাম্প্রতিক আঞ্চলিক উদ্যোগ সম্পর্কে এবং এই দিনই পূর্ববর্তী সময়ে জি-20 নেতাদের মধ্যে হওয়া ভারুয়াল শীর্ষ সম্মেলন সম্পর্কে জানিয়েছেন।

উভয় নেতাই আশা প্রকাশ করেছেন যে সব ক্ষতিগ্রস্ত দেশগুলিতে সংক্রমণ রোধ করার জন্য যে প্রচেষ্টা এবং পদক্ষেপগুলি নেওয়া হয়েছে তা আশু এবং যথার্থ ফলদায়ক হইবে। তারা অতিমারির সাথে লড়াই করার জন্য আন্তর্জাতিক মতৈক্য এবং তথ্য আদান প্রদানের গুরুত্বের উপর জোর দিয়েছেন। কাতারে বসবাসকারী ও কাজে নিয়োজিত ভারতীয় নাগরিকদের মঙ্গলের প্রতি বিশেষ করে বর্তমান পরিস্থিতিতে ব্যক্তিগত মনোযোগ প্রদান করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী মহামান্য শেখ তামিম বিন হামাদ অল থানিকে ধন্যবাদ জানিয়েছেন। কাতারে প্রবাসী ভারতীয়দের নিরাপত্তা এবং মঙ্গল সম্পর্কে মহামান্য আমীর মাননীয় প্রধানমন্ত্রীকে আশ্বাস দিয়েছেন।

প্রাত্যহিক সংযোগ রাখতে এবং পরিবর্তিত পরিস্থিতিতে পারস্পারিক পরামর্শ জারি রাখতে মাননীয় প্রধানমন্ত্রী এবং মহামান্য আমীর সহমত হয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 26, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.